

“উন্নয়নের অক্সিজেন রাজস্ব”

“জনকল্যাণে রাজস্ব”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থল শুল্ক স্টেশন, ভোমরা, সাতক্ষীরা  
[bhomracustoms55@gmail.com](mailto:bhomracustoms55@gmail.com)

নথি নং- ৫ম/কাস/১২(০৭)এলসি.এডমিন/শুঃমরিচ/ভোমরা/২০১৮/ ৭৫ (১-৫)

তারিখঃ ২১/০১/২০২০ খ্রিঃ

বিষয় : নিলাম বিজ্ঞপ্তি প্রচার প্রসংঙ্গে।

কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনার অধীনে স্থল শুল্ক স্টেশন, ভোমরা, সাতক্ষীরায় আগামী ১২/০২/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য নিলামের বিজ্ঞপ্তি আপনার বহুল প্রচারিত পত্রিকার দুই কলামে ৬’’ পরিমাপে আগামী ৩০/০১/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে প্রকাশপূর্বক প্রকাশিত নিলাম বিজ্ঞপ্তির ০২ (দুই) টি কপি এ দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০২। বিষয়টি অতি জরুরী।

সংযুক্তি : প্রকাশিতব্য বিজ্ঞপ্তি- ০১ (এক) পাতা।

(মোঃ রেজাউল করিম)  
সহকারী কমিশনার

প্রাপ্তক :

- ১। সম্পাদক, দৈনিক প্রথম আলো, প্রগতি ইনস্যুরেন্স ভবন, ২০-২১ কারওয়ান বাজার, ঢাকা ১২১৫ (ভিতরের পাতা প্রকাশের অনুরোধসহ)।
- ২। সম্পাদক, দৈনিক যুগান্তর, ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ (ভিতরের পাতা প্রকাশের অনুরোধসহ)।
- ৩। সম্পাদক, দৈনিক কাফেলা, কে.বি.এ আহসানউল্লাহ রোড, সাতক্ষীরা (ভিতরের পাতা প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা (আপনাকে নিলাম বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অফিস কপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থল শুল্ক স্টেশন, ভোমরা, সাতক্ষীরা।

## কাস্টমস নিলাম বিজ্ঞপ্তি

নিলাম ক্রেতাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থল বন্দর শেড, ভোমরা, সাতক্ষীরায় রক্ষিত ১২০ মেঃ টন শুকনো মরিচ বন্দর সেডে যে অবস্থায় আছে সে ভিত্তিতে সীল্ড টেন্ডারের মাধ্যমে নিলামে বিক্রয় করা হবে। যার সংরক্ষিত মূল্য ১,৯১,২৮,৫৯১.৭০ (এক কোটি একানব্বই লক্ষ আটশ হাজার পাঁচ শত একানব্বই টাকা সত্তর পয়সা) টাকা। দরপত্র তফসিল আগামী ০২/০২/২০২০ খ্রিঃ তারিখ হইতে ১১/০২/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) (ক) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা, (খ) পুলিশ সুপার, সাতক্ষীরা, (গ) সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, সাতক্ষীরা এবং (ঘ) সহকারী কমিশনার, স্থল শুল্ক স্টেশন, ভোমরা, সাতক্ষীরা কার্যালয় হতে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার বিনিময়ে সকাল ০৯.০০ টা থেকে বিকাল ০৫.০০ টা পর্যন্ত বিক্রয় করা হবে এবং আগামী ০৫/০২/২০২০ খ্রিঃ হতে ০৬/০২/২০২০ খ্রিঃ পর্যন্ত বন্দর শেড, ভোমরা, সাতক্ষীরায় মালামাল বেলা ১১:০০ টা থেকে বিকাল ০৫.০০ টা পর্যন্ত পরিদর্শন করা যাবে। আগামী ০২/০২/২০২০ খ্রিঃ তারিখ থেকে ১১/০২/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৫.০০ টা পর্যন্ত (ক) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা, (খ) পুলিশ সুপার, সাতক্ষীরা, (গ) সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, সাতক্ষীরা এবং (ঘ) সহকারী কমিশনার, স্থল শুল্ক স্টেশন, ভোমরা, সাতক্ষীরা এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করা যাবে। আগামী ১২/০২/২০২০ খ্রিঃ তারিখে বেলা ১২:০০ টার সময় সহকারী কমিশনার, স্থল শুল্ক স্টেশন, ভোমরা, সাতক্ষীরা এর অফিস কক্ষে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হবে। নিলামে অংশগ্রহনকারী ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন সনদ ও আয়কর সনদের সত্যায়িত ফটোকপিসহ উভয় ক্ষেত্রে যে কোন তফসিলী ব্যাংক হতে প্রস্তাবিত মূল্যের ন্যূনতম ১০% হারে জামানত হিসেবে সহকারী কমিশনার, স্থল শুল্ক স্টেশন, ভোমরা, সাতক্ষীরা বরাবর পে-অর্ডার দাখিল করতে হবে। নিলাম সংক্রান্ত নিয়মাবলী ও বিস্তারিত তথ্য সিডিউলে উল্লেখ আছে।

প্রকাশ থাকে যে, যেকোন দরপত্র গ্রহণ/বাতিল ও নিলামের তারিখ পরিবর্তনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। প্রদত্ত বিডমূল্যের উপর ৭.৫% ভ্যাট এবং ৫% আয়কর প্রযোজ্য। এ প্রযোজ্য হারে গৃহীত বিড মূল্যের উপর ভ্যাট ও আয়কর পরিশোধ করে মালামাল খালাস নিতে হবে। বিস্তারিত তথ্যের জন্য জনাব শেখ এনাম হোসেন, রাজস্ব কর্মকর্তা, মোবাইল নম্বর-০১৯১৮-২৯১৩৩৭ এবং নিলামকারী প্রতিষ্ঠান মেসার্স এস.টি. ইন্টারন্যাশনাল, খুলনা, মোবাইল নম্বর-০১৭২৫-৮৮৮৮৪০ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ রেজাউল করিম)  
সহকারী কমিশনার

ও

সদস্য সচিব, নিলাম কমিটি